

## অবশেষে ঢালকানগর স্কুলটি দখলদার মুক্ত হলো

ঢাক রিপোর্টার ॥ অবশেষে দখলদার মুক্ত হলো অর্পিত সম্পত্তির ওপর নির্মিত পুরনো ঢাকার ঢালকানগরের সেই স্কুলটি। এ্যাডভোকেট গোলাম আরশাদ আদীর সড়কস্রোত পরিষ্কার হয়ে গেল মানুষের কাছে। তাই এলাকার মানুষ অব্যক্তিগত খোষণাও করেছে তাঁকে। অন্যদিকে স্কুলটির ক্ষতি সাধনের জন্য তাঁর বিরুদ্ধে ২ কোটি টাকার ক্ষতিপূরণ মামলা দায়ের করার সিদ্ধান্ত নিয়েছে এলাকার মানুষ।

দখলের পরে এখানকার প্রাথমিক স্কুলটিতে সর্বপ্রথম প্রাথমিক স্কুলটি দখলমুক্ত হওয়ার সংবাদে এলাকার ছাত্রছাত্রীদের মধ্যে খুবই আনন্দ ছড়িয়েছিল। এখানকার উল্লেখ্য, স্কুলের পুরনো মামলা পরিচালনা করতে গিয়ে কৌশলে নিজের ছেলের নামে স্কুলটি খরিদ করে নিয়েছিলেন আরশাদ আদী। পরে দখল। এলাকায় শুরু হয় দখলদার মুক্ত করার আন্দোলন। গড়ে ওঠে সর্বদলীয় ঢালকানগর স্কুল পুনরুদ্ধার কমিটি। চতুর এ্যাডভোকেটের বিরুদ্ধে হয় মামলা। গত ৮ এপ্রিল তনানি শেষে আদালতের রায় পড়ে স্কুলের পক্ষে। আর এই রায় নিয়ে একত্রিত সকালে স্কুলটিকে দখলমুক্ত করার জন্য হাজির হন মেয়র সাদেক হোসেন খোকাসহ গণ্যমান্য জনৈক।

স্কুলটি দখলদার মুক্ত হওয়ার পর গতকালই এর প্রাথমিক নির্মাণ কাজ শেষ হয়েছে। প্রাথমিকভাবে ছাত্রছাত্রীদের পাঠদান কার্যক্রম পরিচালনার উপযোগী করে তোপার জন্য এলাকার মানুষ টিন দিয়ে সহায়তা করেছে। এছাড়া সরকারের পক্ষ থেকে স্কুলের জন্য বরাদ্দ রয়েছে ২৫ লাখ টাকা। এই টাকা দিয়ে বর্ধিত পরিসরে স্কুল ভবন নির্মাণ করা হবে।

স্কুলটি দখলমুক্ত করার জন্য এলাকাবাসী খণ্ড খণ্ড মিছিল বের করে এবং স্কুল প্রাঙ্গণে হাজির হয়। মিছিল থেকে এ্যাডভোকেট গোলাম আরশাদের বিরুদ্ধে স্লোগানও দেয়া হয়। তাঁর বাসায় নিক্ষেপ করা হয় ইটপাটকেল এবং জুতা। অন্যদিকে স্কুল গবর্নিং বডিও সভাপতি হাশেম খান বাণের বৃষ্টি বসিয়ে নির্মাণ কাজ উদ্বোধন করেন। এরপর স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় প্রতিবাদ সমাবেশ। এ সময় মেয়র সাদেক হোসেন খোকা এ্যাডভোকেট আরশাদ আদীকে সাথে নিয়ে সভাস্থলে আসেন।